# ♣ উত্তরপত্র

**কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার জেনারেল (ক্যাশ) ১১.৮.২০২৩**

**Total questions : 80 Total marks : 80**

---

1) নিম্নের কোন পত্রিকাটির প্রকাশনা উপলক্ষ্যে রবীন্দ্রনাথ ঠাকুর আশীর্বাণী পাঠিয়েছিলেন?

1) শনিবারের চিঠি
2) কল্লোল
3) সবুজপত্র
✔ 4) ধূমকেতু

**ব্যাখ্যা :** ধূমকেতু কাজী নজরুল ইসলাম সম্পাদিত একটি অর্ধ-সাপ্তাহিক পত্রিকা, যা ১৩২৯ বঙ্গাব্দের ২৬ শ্রাবণ (১৯২২ সালের ১১ আগস্ট) প্রথম প্রকাশিত হয়। পত্রিকাটি শুরুতে ফুলস্কেপ কাগজের চার পৃষ্ঠায় মুদ্রিত হতো এবং পরে আট পৃষ্ঠায় মুদ্রিত হতো। পত্রিকাটির সর্বশেষ সংস্করণ ১৯২৩ সালের মার্চ মাসে প্রকাশিত হয়েছিল। এর প্রথম সংখ্যায় নজরুলের কবিতা 'ধূমকেতু' প্রকাশিত হয়। এই পত্রিকাকে আশীর্বাদ করে রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন, কাজী নজরুল ইসলাম কল্যাণীয়েষু, আয় চলে আয়রে ধূমকেতু। আঁধারে বাঁধ অগ্নিসেতু, দুর্দিনের এই দুর্গশিরে উড়িয়ে দে তোর বিজয় কেতন। [তথ্যসূত্রঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা ড. সৌমিত্র শেখর ]

2) The word 'sibling' means -

1) a sister
2) an infant
✔ 3) a brother or sister
4) a brother

**ব্যাখ্যা :** Sibling দ্বারা একই পিতামাতার সন্তানকে বোঝায়। সেই ক্ষেত্রে, sibling দ্বারা [a brother or sister উভয়কে বোঝায়। [source: Oxford Advanced Learner's Dictionary]

3) Which of the following is a correct sentence?

✔ 1)
He was too clever to miss the point

2)
He was too clever not to miss the point

3)
He was too clever to grasp the point

4)
He was so clever to miss the point

Hello BCS

**ব্যাখ্যা :** too - - - - - to অর্থ এতই যে - - - - পারে না। সে এতই চালাক যে পয়েন্টটি মিস করতে পারেনা।

4) আকাশ ও পৃথিবীর অন্তরালকে এক কথায় বলেঃ

✔ 1) ক্রন্দসী
2) আমশি
3) রোদসী
4) অতলস্পর্শী

**ব্যাখ্যা :** - ক্রন্দসী - পৃথিবী ও আকাশ ; স্বর্গ ও মর্ত্য।
- অতলস্পর্শ - তলদেশ স্পর্শ করা যায় না এমন ; অতি গভীর।
- আমশি - কাঁচা আমের শুকনা ফালী।
- রোদসী - পৃথিবী ও স্বর্গ।
সোর্সঃ বাংলা একাডেমি অভিধান।
∴ আকাশ ও পৃথিবীর অন্তরাল = ক্রন্দসী।

5) The antonym of the word 'delete' is

1) dull
✔ 2) insert
3) contract
4) discrete

**ব্যাখ্যা :** delete – কেটে বাদ দেওয়া, মুছে ফেলা ; dull – বোকা লোক ; insert – সন্নিবিষ্ট করা ; প্রবেশ করানো ; contract – চুক্তিবদ্ধ করা, সঙ্কুচিত করা, কমানো।

6) P এর মান কত হলে $4x^2-px+9$ একটি পূর্ণবর্গ হবে?

✔ 1) 12
2) 16
3) 10
4) 9

**ব্যাখ্যা :** $4x^2-px+9 = (2x)^2 - 2.2x.3 + 3^2 + 12x - px$
$= (2x-3)^2 + 12x-px$
প্রদত্ত রাশিটি পূর্ণবর্গ হলে, $12x - px = 0$ হবে।
$\therefore 12x - px = 0$
$\Rightarrow px = 12x$
$\therefore p = 12$

7) ৪০ হতে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?

✔ 1) ৬৯

2) ৬১
3) ৭৩
4) ৭১

**ব্যাখ্যা :** ৪০ ও ১০০ এর মধ্যবর্তী ক্ষুদ্রতম ও বৃহত্তম মৌলিক সংখ্যাদ্বয় যথাক্রমে ৪১ ও ৯৭। এদের গড় = (৪১ + ৯৭) / ২ = ৬৯

8) Once in a blue moon' means

1) always
2) nearly
✔ 3) very rarely
4) hourly

**ব্যাখ্যা :** The phrase 'once in a blue moon' is an idiom that means something happens very rarely or infrequently.
Come rain or shine - always
Close but no cigar - nearly
On the hour -hourly

9) কোথায় IRRI অবস্থিত?

1) ভারত
2) বাংলাদেশ
3) চীন
✔ 4) ফিলিপাইন

**ব্যাখ্যা :** আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট এর সদরদপ্তর ফিলিপাইন এর ম্যানিলাতে অবস্থিত । উল্লেখ্য, IRRI এর পূর্ণরূপ হলো International Rice Research Institute, ধানের জাত, উন্নয়ন, নতুন ধান উৎপাদন,এলাকা অনুযায়ী ধানের জাত তৈরী ইত্যাদি গবেষণার কাজে নিয়োজিত।

10) কোন কবিকে ভারত সরকার পদ্মভূষণ উপাধিতে ভূষিত করেন?

1) রবীন্দ্রনাথ ঠাকুর
2) কাজী মোতাহার হোসেন
✔ 3) কাজী নজরুল ইসলাম
4) দ্বিজেন্দ্রলাল রায়

**ব্যাখ্যা :** ১৯৫৪ সালে ভারতের রাষ্ট্রপতি কর্তৃক প্রবর্তিত ‘পদ্মভূষণ’ ভারতের তৃতীয় সর্বোচ্চ অসামরিক সম্মাননা। ১৯৬০ সালে ভারত সরকার বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে ‘পদ্মভূষণ' সম্মাননা প্রদান করেন।

Hello BCS

11) আতাকামা মরুভূমি কোন দেশে অবস্থিত?

✔ 1) চিলি
2) ইকুয়েডর
3) দ.আফ্রিকা
4) সৌদি আরব

**ব্যাখ্যা :** আতাকামা মরুভূমি উওর চিলিতে অবস্থিত একটি শীতল,শুষ্ক,বৃষ্টিবিহীন মরুভূমি অঞ্চল। উওরে মরুভূমিটি তারাপাকা অঞ্চল হয়ে পেরু সীমান্ত পর্যন্ত চলে গেছে । এখানে একশ বছরে গড়ে তিন থেকে চার বার বৃষ্টিপাত হয়।

12) সুয়েজ খাল কোথায় অবস্থিত?

✔ 1) মিশর
2) সৌদ আরব
3) ইরান
4) জর্ডান

**ব্যাখ্যা :** সুয়েজ খাল খনন করেন ফরাসি ইঞ্জিনিয়ার ফার্ডিনান্দ লিসেপস। ২৫ এপ্রিল ১৮৫৯ সালে এটি'র খনন কাজ শুরু হয় এবং ২৫ এপ্রিল ১৮৬৯ সালে এটি উদ্বোধন করে। মিশর সুয়েজ খাল জাতীয়করণ করেছিল ২৬ জুলাই ১৯৫৬ সালে।

13) বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি কে?

1) জনাব শাহাবুদ্দিন আহমেদ
2) জনাব লতিফুর রহমান
3) জনাব আফজাল
✔ 4) জনাব এ.এস.এম সায়েম

**ব্যাখ্যা :** বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি জনাব এ.এস.এম সায়েম । আর বর্তমানে প্রধান বিচারপতি হলেন ফয়েজ সিদ্দিকী (২৩তম)
বিচারপতি আবু সাদাত মোহাম্মাদ সায়েম দেশের প্রথম প্রধান বিচারপতি (১৬.১২.১৯৭২ - ০৫.১১.১৯৯৫)। আর বিচারপতি সাহাবুদ্দিন আহমেদ, বিচারপতি মোস্তফা কামাল এবং বিচারপতি সুরেন্দ্র সিনহা (বর্তমান) হলো যথাক্রমে দেশের ৬ষ্ঠ , ৯ম , ও ২১তম বিচারপতি ।

14) আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা?

1) ঢাকা
2) চট্টগ্রাম
✔ 3) রাঙ্গামাটি
4) খুলনা

Hello BCS

**ব্যাখ্যা :** আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা হলো রাঙামাটি ৬১১৬,১১ বর্গ কিলোমিটার বা ২৩৬১ বর্গ মাইল। আর ক্ষুদ্রতম জেলা হলো নারায়ণগঞ্জ (৬৮৪.৩৭) বর্গ কিলোমিটার বা ২৬৪ বর্গ মাইল)।

15) দেশের একমাত্র বিদ্যুত সঞ্চালন সংস্থার নাম?

✔ 1) PGCB
2) PCGB
3) BGCP
4) TBCP

**ব্যাখ্যা :** ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড হচ্ছে বাংলাদেশের একটি সরকারি মালিকানাধীন বিদ্যুত কোম্পানি। এটি বাংলাদেশে সরকারের বিদ্যুত, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয় এর অধীনে থাকা বাংলাদেশ বিদ্যুত উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত হয়।

16) গণহত্যা যাদুঘর' কোথায় অবস্থিত?

1) ঢাকা
2) কুমিল্লা
3) চট্টগ্রাম
✔ 4) খুলনা

**ব্যাখ্যা :** ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে পশ্চিম পাকিস্তানি হানাদার, বাহিনী কর্তৃক সংগঠিত গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধে সর্বসাধারণের অবদানের ইতিহাস নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে বাংলাদেশে ২০১৪ সালের ১৭ মে অধ্যাপক মুনতাসীর মামুন সম্পূর্ণ ব্যক্তিগত উদ্যোগে খুলনার ময়লামোতায় একটি ভাড়া বাড়িতে প্রতিষ্ঠা করেন '১৯৭১ : আর্কাইক ও জাদুঘর'।

17) ভারত বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন উদ্বোধন হয়?

✔ 1) ২০২৩ সালে
2) ২০২২ সালে
3) ২০২১ সালে
4) ২০২০ সালে

**ব্যাখ্যা :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার ভারতীয় সমকক্ষ 'ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন' উদ্বোধন করেছেন। ১৮ মার্চ ২০২৩ সালে এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে উভয় দেশের মধ্যে প্রথম আন্তঃসীমান্ত পাইপলাইনটির উদ্বোধন করেন তারা। জ্বালানি তেলের রাষ্ট্রীয় মালিকানাধীন একমাত্র আমদানিকারক বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এই পাইপলাইনের মাধ্যমে বছরে প্রায় ১০ লাখ টন জ্বালানি আমদানির পরিকল্পনা করেছে।

18) মনিপুরী ক্ষুদ্র-নৃগোষ্ঠী কোন জেলায় বাস করে?

1) খুলনা

Hello BCS

2) পটুয়াখালী
✔ 3) মৌলভিবাজার
4) নেত্রকোনা

**ব্যাখ্যা :** জনশুমারি ও গৃহগণনা - ২০২২ অনুযায়ী, বাংলাদেশে মোট মণিপুরী জনসংখ্যা ২২৯78 জন। আর এ প্রতিবেদন অনুযায়ী সিলেট বিভাগের ৪ জেলায় বসবাসকারী মোট নৃগোষ্ঠীর সংখ্যা মৌলভীবাজার (৭৩২৮৮ জন), হবিগঞ্জ (৪১৫৬৩ জন), সিলেট (১৬৪৫৮ জন) ও সুনামগঞ্জ (৫২৮৫ জন)। মৌলভীবাজারে ৩১টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর বসবাস রয়েছে। এর মধ্যে সংখ্যাগরিষ্ঠ হলো মণিপুরী নৃগোষ্ঠী ।

19) বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি

1) ৩ টি
✔ 2) ৪ টি
3) ৫ টি
4) ৬ টি

**ব্যাখ্যা :** রাষ্ট্রীয় মূলনীতি ৪ টি হলোঃ জাতীয়তাবাদ, ধর্ম নিরপেক্ষতাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র

20) কনসার্ট ফর বাংলাদেশ এর সংগীত শিল্পীর নাম?

1) জজ রবার্ট
2) জর্জ ওয়াদার
3) জজ হারছুন
✔ 4) জর্জ হ্যারিসন

**ব্যাখ্যা :** ১৯৭১ সালের ১ আগস্ট নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হওয়া 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' নামের সঙ্গীতানুষ্ঠানের প্রধান শিল্পী জর্জ হ্যারিসন। ১৯৭১ সালের এই দিনে পণ্ডিত রবিশংকর মুক্তিযুদ্ধের বিশ্বজনমত গড়ে তোলা এবং শরণার্থীদের আর্থিক সহায়তা দেয়ার জন্য শিল্পী জর্জ হ্যারিসনকে নিয়ে অবিস্মরণীয় কনসার্টের আয়োজন করেছিলেন।

21) মুক্তিযুদ্ধের সময় কয়টি সেক্টরে বিভক্ত ছিলো?

1) ৮
2) ১০
✔ 3) ১১
4) ১২

**ব্যাখ্যা :** মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টরে বিভক্ত করা হয়। ১৯৭১ সালে সংগঠিত বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ পরিচলনায় অস্থায়ী বাংলাদেশ সরকারের পক্ষ থেকে যুদ্ধ পরিচালনার জন্য বাংলাদেশের সমগ্র ভূখণ্ডকে ১১টি যুদ্ধক্ষেত্র বা সেক্টরে ভাগ করা হয়।

Hello BCS

22) কত সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা হবে?

1) ২০৩৯
2) ২০৩০
✔ 3) ২০৪১
4) ২০৪০

**ব্যাখ্যা :** ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা হবে। শেখ হাসিনা স্মার্ট বাংলাদেশ গড়ার চারটি ভিত্তি নির্ধারণ করা হয়েছে। এগুলো হলোঃ স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট এবং স্মার্ট সোসাইটি।

23) আয় চলে আয় রে ধুমকেতু, আঁধারে বাধ অগ্নিসেতু' কার উক্তি?

1) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
2) কাজী মোতাহার হোসেন
✔ 3) রবীন্দ্রনাথ ঠাকুর
4) কাজী নজরুল ইসলাম

**ব্যাখ্যা :** ধুমকেতু কাজী নজরুল ইসলাম সম্পাদিত একটি অর্ধ-সাপ্তাহিক পত্রিকা (১৯২২সালের ১১ আগস্ট) প্রথম প্রকাশিত হয়। এই পত্রিকাকে আশীর্বাদ করে রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন, "কাজী নজরুল ইসলাম কল্যাণয়েষু,আয় চলে আয় রে ধুমকেতু। পত্রিকার প্রথম পাতার শীর্ষে বানী লিখা থাকতো।

24) Fair weather friends' এই ইংরেজি প্রবচনটির কাছাকাছি বাংলা প্রবচন কোনটি?

✔ 1) দুধের মাছি
2) চোরে চোরে মাসতুতো ভাই
3) পিরিত বিনে সুহৃদ নাই
4) ধামাধরা মানুষ

**ব্যাখ্যা :** 'Fair weather friends' - এই ইংরেজি প্রবচনের কাছাকাছি বাংলা প্রবচন - দুধের মাছি।
চোরে চোরে মাসতুতো ভাই। = Birds of the same feather flock together.

25) সত্যের সহিত মিথ্যার দ্বন্দ্ব রহিয়াছে। এই দ্বন্দ্ব পরিশেষে সত্যই বিজয়ী হয়।' এই উক্তিটি কোন রীতিতে লিখিত?

1) চলিত রীতি
✔ 2) সাধু রীতি
3) মিশ্র রীতি
4) বিদেশী রীতি

**ব্যাখ্যা :** সাধু ভাষার ব্যাকরণের নিয়ম অনেকটা সুনির্ধারিত এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট অনুকরণে পরিকল্পিত যে নতুন সর্বজনীন গদ্যরীতি বাংলা সাহিত্যে প্রবর্তিত হয়, তাকে সাধু ভাষা বলে।
সাধু রীতির বৈশিষ্ট্য সমূহঃ

Hello BCS

1. সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণরীতি অনুসরণ করে।
2. সাধু রীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট।
3. এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।
4. সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতায় অনুপযোগী অর্থাৎ বক্তৃতা ও নাটকের সংলাপের জন্য সাধু ভাষা উপযোগী নয়।
5. সাধু রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠনপদ্ধতি অনুসরণ করে।
6. সাধু ভাষার একটি বৈশিষ্ট্য হলো এটি = লেখ্য ভাষা।

26) জীবনান্দ দাশের কাব্যে ব্যবহৃত 'শঙ্খমালা' হলো -

1) কবির জীবনদেবতা
2) রোমান্টিক কবিকল্পনা
3) পূর্বপরিচিতা নারী
✔ 4) রূপকথার চরিত্র

**ব্যাখ্যা :** জীবনানন্দ দাশ এর ‘ এই পৃথিবীতে এক স্থান আছে ’ নামক কবিতায় কবি ‘শঙ্খমালা ’ নামক নারী চরিত্রটি ব্যবহার করেছেন। যেমন :
সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রুপসীর শরীরের পরে-
শঙ্খমালা নাম তার : এ বিশাল পৃথিবীর কোনো নদী ঘাসে
তারে আর খুঁজে তুমি পাবে নাকো-বিশালাক্ষী দিয়েছিল বর,
তাই-সে-জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর।
তাই বলা যায় শংখমালা চরিত্র টি কবির রোমান্টিক কল্পনা।
কবির রচিত কবিতায় ব্যবহৃত আরো কিছু চরিত্র হলো বনলতা সেন, সুচরিতা, সুরঞ্জনা।

27) নিশীথ রাতে বাজছে বাঁশি' বাক্যে 'নিশীথে' কোন পদ

1) ক্রিয়া বিশেষণ
✔ 2) বিশেষ্যের বিশেষণ
3) বিশেষ্য
4) বিশেষণ

**ব্যাখ্যা :** যে বিশেষণ পদ কোন বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষায়িত করে, অর্থাৎ অন্য কোন পদ সম্পর্কে কিছু বলে, তাকে নাম বিশেষণ বলে। যেমন -
বিশেষ্যের বিশেষণ : যে পদ বিশেষ্য পদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ, ইত্যাদি প্রকাশ করে তাকে বিশেষ্যের বিশেষণ বলে। নীল আকাশ আর সবুজ মাঠের মাঝ দিয়ে একটি ছোট্ট পাখি উড়ে যাচ্ছে।
সর্বনামের বিশেষণ : সে রূপবান ও গুণবান।

28) আস্তানা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

1) আরবি
✔ 2) ফারসি

3) হিন্দি
4) ফরাসি

**ব্যাখ্যা :** বিদেশি শব্দ
রাজনৈতিক, ধর্মীয়, সংস্কৃতিগত ও বাণিজ্যিক কারণে বাংলাদেশে আগত বিভিন্ন ভাষাভাষী মানুষের বহু শব্দ বাংলায় এসে স্থান করে নিয়েছে। এসব শব্দকে বলা হয় বিদেশি শব্দ। এসব বিদেশি শব্দের মধ্যে আরবি, ফারসি এবং ইংরেজি শব্দই বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়া পর্তুগিজ, ফরাসি, ওলন্দাজ, তুর্কি এসব ভাষারও কিছু শব্দ একইভাবে বাংলা ভাষায় এসে গেছে।
আরবি শব্দ : বাংলায় ব্যবহৃত আরবি শব্দগুলো যথাক্রমে, ইসলাম, আল্লাহ, ঈমান, ওজু, কোরবানি, কুরআন, কিয়ামত, গোসল, জান্নাত, জাহান্নাম, তওবা, তসবি, জাকাত, হজ্, হাদিস, হারাম, হালাল, আদালত, আলেম,ইনসান, ঈদ, উকিল, ওজর, এজলাস, এলেম, কানুন, কলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, নগদ, বাকি, মহকুমা, মুন্সেফ, মোক্তারন, রায় ইত্যাদি।
ফারসি শব্দ : বাংলা ভাষায় আগত ফারসি শব্দ সমূহ যতাক্রমে, খোদা, গুনাহ, দোজখ, নামাজ, পয়গম্বর, ফেরেশতা, বেহেশত, রোজা, কারখানা, চশমা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ বান্দা বেগম, মেথর, রসদ, আদমি, আমদানি, জানোয়ার, জিন্দা, নমুনা, বদমাশ রফতানি, হাঙ্গামা আস্তানা ইত্যাদি।
ইংরেজি শব্দ : ইংরেজি শব্দ সমূহ যথাক্রমে, ইউনিভার্সিটি, ইউনিয়ন, কলেজ, টিন, নভেল, নোট, পাউডার, পেন্সিল, ব্যাগ, ফুটবল, মাস্টার, লাইব্রেরি, ফুল, আফিম (Opium), অফিস (Office), ইস্কুল (School), বাক্স (Box), হাসপাতাল (Hospital), বোতল (Bottle) ইত্যাদি।

29) Cognizable' শব্দটির বাংলা পরিভাষা কোনটি?

1) সুষম
2) অবহিতি
3) অমিলযোগ্য
✔ 4) বোধজাত

**ব্যাখ্যা :** আমলযোগ্য - Actionable.
অবহিতি - Information.
বোধজাত - Cognizable.
সুষম - Balanced.

30) শরতে ধরাতল শিশিরে ঝলমল' এখানে 'শিশিরে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

1) অধিকরণে ৭মী
2) অপাদানে ৭মী
3) কর্মে ৭মী
✔ 4) করণে ৭মী

**ব্যাখ্যা :** ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে ' কিসের দ্বারা' বা ' কী উপায়ে' প্রশ্ন করলে উত্তরে করণ কারক পাওয়া যায়। প্রশ্নের বাক্যটিতে শিশির দ্বারা ঝলমল বুঝানো

Hello BCS

হয়েছে। এবং শিশিরের সাথে ৭ মী " এ" বিভক্তি যুক্ত হয়েছে তাই এটি করণে ৭ মী বিভক্তি।
ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে ' কিসের দ্বারা' বা ' কী উপায়ে' প্রশ্ন করলে উত্তরে করণ কারক পাওয়া যায়। প্রশ্নের বাক্যটিতে শিশির দ্বারা ঝলমল বুঝানো হয়েছে। এবং শিশিরের সাথে ৭ মী " এ" বিভক্তি যুক্ত হয়েছে তাই এটি করণে ৭ মী বিভক্তি।

31) অন্বেষণ' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

✔ 1) অনু + এষণ
2) অন্ব+এষন
3) অন+এষণ
4) অন্ব+এষণ

**ব্যাখ্যা :** উ' কার কিংবা 'উ' কারের পর 'উ' কার ও 'উ' কার ভিন্ন অন্য স্বর থাকলে 'উ' বা 'উ' স্থানে 'ব' ফলা হয় এবং লেখার সময় 'ব' ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমনঃ উ + অ = ব + অ ; সু + অল্প = স্বল্প। উ + এ = বা + এ ; অনু + এষণ = অন্বেষণ | এরূপ পশ্বধর্ম, পশ্বাচার, অন্বয়, মন্বন্তর ইত্যাদি।

32) কোন বানানটি শুদ্ধ?

✔ 1) কনীনিকা
2) কনিনীকা
3) কণিনিকা
4) কনিনিকা

**ব্যাখ্যা :** কনীনিকা' বিশেষ্য পদ। এর অর্থ হলো চোখের তারা, চোখের মণি, কনিষ্ঠা আঙ্গুল,কনিষ্ঠা বোন।

33) ৭ই মার্চ পটভূমিতে রচিত কবিতা?

1) বাতাসে লাশের গন্ধ' - রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ
✔ 2) স্বাধীনতা এই শব্দটি কিভাবে আমাদের হলো' - নির্মলেন্দু গুণ
3) বুক তার বাংলাদেশের হৃদয়' - শামসুর রহমান
4) আমার পরিচয়' - সৈয়দ শামসুল হক

**ব্যাখ্যা :** স্বাধীনতা এই শব্দটি কিভাবে আমাদের হলো নির্মলেন্দু গুণ একটি কবিতা লেখা হবে তার জন্য অপেক্ষার উত্তেজনা নিয়ে লক্ষ লক্ষ উন্মত্ত অধীর ব্যাকুল বিদ্রোহী শ্রোতা বসে আছে ভোর থেকে জনসমুদ্রের উদ্যান সৈকতে : ‘ কখন আসবে কবি? ’
এখানে কবি " কবি" বলতে বঙ্গবন্ধুকে বুঝিয়েছেন।
বাতাসে লাশের গন্ধ যে কবিতায় ছিল দ্রোহ, প্রেম, দেশপ্রেম, সমাজ সংসারের নির্মম বাস্তবতা।
' আমার পরিচয়' কবিতায় কবি সৈয়দ শামসুল হক স্বাধীন সার্বভৌম রাষ্ট্র ও আত্মমর্যাদাবোধসম্পন্ন জাতিসত্তা প্রতিষ্ঠার নেপথ্যের সমৃদ্ধ ইতিহাস, ঐতিহ্য ও সাংস্কৃতিক পটভূমি তুলে ধরেছেন।
বুক তার বাংলাদেশের হৃদয়-কবিতায় কবি মুক্তিযুদ্ধের প্রতিচ্ছবি কল্পনা করেন।
[তথ্যসূত্রঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, সৌমিত্র শেখর]

Hello BCS

34) কোন বাগধারাটি'র অর্থ তিনটির অর্থ থেকে ভিন্ন

1) দুধের মাছি
2) বসন্তের কোকিল
✔ 3) ননীর পুতুল
4) সুখের পায়রা

**ব্যাখ্যা :** দুধের মাছি, বসন্তের কোকিল, সুখের পায়রা তিনটির অর্থ সুসময়ের বন্ধু, অন্য দিকে ননীর পুতুল অর্থ - শ্রম বিমুখ [তথ্য সূত্রঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, সৌমিত্র শেখর]

35) নিচের কোনটি তদ্ধিত প্রত্যয় ?

✔ 1) চোরা
2) চালক
3) পূজক
4) সত্যবাদি

**ব্যাখ্যা :** প্রত্যয় -শব্দ প্রকৃতি ও ধাতু প্রকৃতির উত্তর (পরে) যে বর্ণ বা বর্ণ সমষ্টি যোগ করে নতুন শব্দ সৃষ্টি করা হয় সেই বর্ণ বা বর্ণ সমষ্টিকে প্রত্যয় বলে।
প্রত্যয় সাধারনত দুই প্রকার।
তদ্ধিৎ প্রত্যয়-নাম প্রকৃতির সঙ্গে যে প্রত্যয় যুক্ত হয়, তাকে তদ্ধিত প্রত্যয় বলে। যেমন : শিশু + অ = শৈশব।
এখানে অ হলো তদ্ধিৎ প্রত্যয়।
তদ্ধিৎ প্রত্যয় আবার তিন প্রকার। যথা : বাংলা তদ্ধিৎ প্রত্যয়-
সংস্কৃত তদ্ধিৎ প্রত্যয়
বিদেশি তদ্ধিৎ প্রত্যয়
তদ্ধিত প্রত্যয় : শব্দ বা নাম প্রকৃতির শেষে প্রত্যয় যুক্ত হয়ে যে নতুন শব্দ গঠন করে, তাকে তদ্ধিত প্রত্যয় বলে।
বাংলা তদ্ধিত প্রত্যয়।
যেমন- আ-প্রত্যয়
(ক) অবজ্ঞার্থে : চোর + আ চোরা, কেষ্ট + আই = কেষ্টা।
(খ) বৃহদার্থে : ডিঙি + আ = ডিঙা (সপ্তডিঙা মধুকর)
(গ) সদৃশ অর্থে : বাঘ + আ = বাঘা, হাত + আ = হাতা। এরূপ : কাল-কালা (চিকন কালা), কান-কানা।

36) সাইরেন <u>বেজে উঠল</u>। <u>বেজে উঠল</u> কী ধরনের ক্রিয়াপদ ?

1) মিশ্র
✔ 2) যৌগিক
3) প্রযোজক
4) সমাধাতুজ

**ব্যাখ্যা :** একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে,তবে তাকে যৌগিক ক্রিয়া বলে।

Hello BCS

37) স্বখাত সলিলে' বাগধারাটি'র অর্থ?

1) দুঃখ কষ্টে পড়া
2) বিনা দোষে শাস্তি পাওয়া
3) পানির গভীরে যাওয়া
✔ 4) স্বীয় কর্মের ফল ভোগ

**ব্যাখ্যা :** স্বখাত সলিল বাগধারাটির অর্থ নিজ কর্মের ফল ভোগ করা।

38) সততাই সর্বোকৃষ্ট পন্থা' নিচের কোনটি অনুবাদ?

1) Honesty is the best policy
2) Honesty is a good way
3) Honesty is the better way
✔ 4) Honesty is the best policy

**ব্যাখ্যা :** চর্যাপদ বাংলা ভাষা ও সাহিত্যের আদি নিদর্শন। ১৯০৭ খ্রিস্টাব্দে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপাল রাজদরবারের গ্রন্থাগার থেকে এর পুথি আবিষ্কার করেন। তাঁরই সম্পাদনায় ৪৭টি পদবিশিষ্ট পুথিখানি হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা (১৯১৬) নামে বঙ্গীয় সাহিত্য পরিষৎ কর্তৃক প্রকাশিত হয়।

39) প্রমিত বাংলা নিয়ম চালু করেন -

1) বাংলাদেশ সরকার
2) এশিয়াটিক সোসাইটি
✔ 3) বাংলা একাডেমি
4) শিল্পকলা একাডেমি

**ব্যাখ্যা :** বাংলা বানানের নিয়ম বেঁধে দেয়ার প্রথম দায়িত্ব পালন করে কলকাতা বিশ্ববিদ্যালয়। ১৯৩৫ সালে গঠিত বাংলা বানান সংস্কার কমিটির প্রতিবেদন ১৯৩৬ সালে প্রকাশিত হয় বাংলা শব্দের বানানের নিয়ম। পরবর্তীকালে বাংলা বানানকে শৃঙ্খলাবদ্ধ করতে আরো কয়েকটি বিশ্ববিদ্যালয় উদ্যোগী হয়েছে। আমাদের দেশে বাংলাদেশ টেকস্ট বুক বোর্ড, বাংলা একাডেমি বানানরীতি তৈরি করেছে। টেকস্ট বুক বোর্ড ও বাংলা একাডেমির বানানরীতি এক হয়েছে। এখন সর্বত্র বাংলা একাডেমির বানানরীতি মানা হচ্ছে

40) বাঁশরী আমার হারিয়ে গেছে বালুর চরে, কেমনে ফিরিব গোধন লইয়া গাঁয়ের ঘরে।' এটি কোন কবির রচনা?

1) ইদ্রিস আলী
2) কবি গোবিন্দ চন্দ্র দাশ
3) কাজী নজরুল ইসলাম
✔ 4) কবি জসীম উদ্দিন

**ব্যাখ্যা :** জসীম উদ্দিন এর কবিতা বাঁশরী আমার হারায়ে গিয়েছে, আরো কিছু বিখ্যাত কবিতা হলো - নিমন্ত্রণ, আসমানী, কবর, নকশী কাঁথার মাঠ.

Hello BCS

তার কিছু কাব্যগ্রন্থঃ
রাখালী, নকশী কাঁথার মাঠ, বালুচর, ধানক্ষেত, সোজন বাদিয়ার ঘাট, হাসু, মাটির কান্না, এক পয়সার বাঁশী, সখিনা, সুচয়নী, মা যে জননী

41) I did not ---- his address

1) recollect
✔ 2) remember
3) remind
4) recall

**ব্যাখ্যা :** বিশেষ চেষ্টা ছাড়াই মনে করা বোঝাতে remember (স্মরণ করা), চেষ্টা করে মনে করা বোঝাতে recollect (স্মরণ করা) ব্যবহৃত হয়.
I don't remember; but I can't recollect!
I do not remember his address.
আমি তার ঠিকানা মনে করতে পারি না।
" Remember," " recall," " remind," and " recollect" are all related terms, but they have slightly different meanings and usage. Here's a breakdown of their differences:
1. Remember:
" Remember" refers to the ability to bring to mind information or experiences from the past.It involves the act of retaining and retrieving past experiences or information consciously. Example: " I remember our trip to the beach last summer."
2. Recall:
" Recall" also refers to the act of bringing back or retrieving information from memory. It is often used when you consciously try to bring back specific details or facts that were previously learned. Example: " I can't recall the name of that book I read."
3. Remind:
" Remind" refers to the action of helping someone remember something. It involves prompting or triggering someone's memory about a particular event, task, or fact. Example: " I'll set an alarm to remind me about the meeting."
4. Recollect:
" Recollect" is similar to " remember" and " recall" but often implies a more deliberate effort to bring something to mind. It can suggest a process of searching one's memory to retrieve a specific memory or detail. Example: " I'm trying to recollect where I left my keys."
[ MASTER English, Cambridge English]

Hello BCS

42) What ----- last night?

1) you did
✔ 2) did you do
3) had you done
4) did you

ব্যাখ্যা : Last night থাকায় বাক্যটি past indefinite tense এ হবে। সুতরাং এখানে did you do. বসবে।

43) Verb of word able is ----

1) ability
✔ 2) enable
3) able
4) disable

ব্যাখ্যা : "Able" (adj) (সক্ষম) means having the power, skill, means or opportunity to do something.
Synonyms: skilled, brilliant, clever.
The verb form of the word "able" is "enable" (সক্ষম করা).
Noun= ability (ক্ষমতা)
adverb= ably, disable (অক্ষম)

44) He is engaged ----- writing book .

✔ 1) in
2) with
3) to
4) at

ব্যাখ্যা : He is engaged - - - - writing a book বাক্যের শূন্যস্থানে শব্দ বসবে - in. কোন কাজে ব্যস্ত থাকা অর্থে engage এরপর 'in' preposition বসে।

45) Water is flowing ---- the danger point.

1) up
2) an
3) above
✔ 4) over

ব্যাখ্যা : Flow over অর্থ উপর দিয়ে প্রবাহিত হওয়া।

Hello BCS

46) I am one who loved not wisely but too well' is a quotation from ?

1) Milton
✔ 2) William Shakespeare
3) T.S. Eliot
4) Ruskin

**ব্যাখ্যা :** উপরোক্ত উক্তিটি william Shakespeare কর্তৃক রচিত নাটক'Othello' Tragedy' তে ব্যবহার করেছেন।

47) A bull market means share prices are -----

1) Fallinng
✔ 2) Rising
3) Moving
4) Static

**ব্যাখ্যা :** যে সময় শেয়ার বাজার শেয়ারের মূল্য হঠাৎ বেড়ে যায় এবং মানুষ বেশি বেশি শেয়ার কিনতে থাকে সে সময়কে 'bull market' বলে।

48) The word 'Offspring' means

1) Twins
✔ 2) children
3) Strength
4) Winter

**ব্যাখ্যা :** Offspring - সন্তান-সন্ততি
Synonyms: children, progeny, brood,
Twins- যমজ
Strength- শক্তি
Winter- শীতকাল

49) Few know where he is' Here few is used as -----

✔ 1) Pronoun
2) adjective
3) Noun
4) Adverb

Hello BCS

ব্যাখ্যা : In the sentence, "Few know where he is, "the word "few" is used as a Pronoun. It is used to refer to less persons whose identity are known from the context.
[Master English]

50) An ordinance ' is

1) a newspaper journal
2) an arms of factory
✔ 3) a law
4) a book

ব্যাখ্যা : Ordinance হলো জরুরি বিধি, অধ্যাদেশ। জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য যে নিয়মনীতি বা বিধি জারি করা হয় তাকে Ordinance বলে। পরবর্তীতে আলোচনার মাধ্যমে তাকে Law বা আইনে পরিণত করা হয়।

51) Who is the poet of Victorian age

1) Helen Keller
✔ 2) Mathew Arnold
3) Shakespeare
4) Robert brownig

ব্যাখ্যা : Victorian Period এ আরো কিছু লেখক হলেনঃ A.L Tennyson, Mathew Arnold, Chrles Diskense, Karl Marx, Alexander Dumas

Hello BCS

52) What is the meaning of premium?

1) Contaminate
2) Condone
✔ 3) Best
4) Large

ব্যাখ্যা : Premium (adj) (উচ্চতর মান থাকা বা প্রতিফলিত) means something given as a reward, prize, or incentive.
Synonyms: reward, best, prize, incentive
Contaminate- দূষিত করা
Condone- ক্ষমা করা
Large- বড়

53) You are dull ----- hearing

1) after

2) by
3) in
✔ 4) of

ব্যাখ্যা : Dull of-অর্থ বোধশক্তিহীন বা কম শোনা।
যেমন-He is dull of understanding.
Dull at-অৰ্থ কাঁচা।
যেমন-He is dull at physics.
You are dull of hearing.- তোমার শ্রবণশক্তি কম।
[তথ্যসুত্রঃ Cambridge Dictionary]

54) What is the verb of significance?

1) sign
2) significans
✔ 3) signify
4) signature

ব্যাখ্যা : Out of the given options, option C) signify is the verb form of the 'significance'.
Significance is a noun, Significant is an adjective, Significantly is an adverb.
sign- চিহ্ন
signature- স্বাক্ষর
significans বলতে কোনো শব্দ নেই।

55) What is the antonym of 'famous'

1) Opaque
2) illiterate
✔ 3) obscure
4) immature

ব্যাখ্যা : Famous - বিখ্যাত। Obscure - অস্পষ্ট ; বিখ্যাত নয়।
Illiterate- নিরক্ষর
Opaque- অস্বচ্ছ
Immature- অপরিপক্ক

56) কোনটি প্রাচীন সভ্যতা?

1) গ্রিস
✔ 2) মেসোপটেমিয়া
3) রোম

Hello BCS

4) সিন্ধু

**ব্যাখ্যা :** ইরাক, ইরান, সিরিয়া এবং তুরস্ক অঞ্চল জুড়ে বিস্তৃত ছিল বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা মেসোপটেমিয়া। সেচ নির্ভর প্রাচীন ও সভ্যতাটি গড়ে উঠেছিল ইউফ্রেটিস ও টাইগ্রিস (দজলা ও ফোরাত) নদীর তীরে।

57) ২০২৩ সালে জাতিসংঘ পানি সম্মেলন কোথায় হয়?

1) ওয়াশিংটন
2) লন্ডন
✔ 3) নিউইয়র্ক
4) জেনেভা

**ব্যাখ্যা :** ২০২৩ সালের জাতিসংঘ পানি সম্মেলনের সহসভাপতি হিসেবে দায়িত্ব পালনের জন্য সর্বসম্মতিক্রমে নির্বাচিত হয়েছে বাংলাদেশ। বুধবার (২২ মার্চ ২০২৩) নিউ ইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরে সম্মেলনটির উদ্বোধনের সময় আনুষ্ঠানিকভাবে এই ঘোষণা করা হয়।
বিগত ৫০ বছরে জাতিসংঘ আয়োজিত এটি প্রথম আন্তর্জাতিক পানি সম্মেলন। এর লক্ষ্য ও উদ্দেশ্য হলো জাতিসংঘের সদস্য রাষ্ট্র, এর আওতাধীন বিভিন্ন অঙ্গ-সংস্থাসমূহ এবং অন্যান্য সকল অংশীজনদের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে বৈশ্বিক পানি বিষয়ক কর্মসূচির বাস্তবায়নে কাঙ্ক্ষিত অগ্রগতি অর্জন।

58) ফিফা বিশ্বকাপ ফুটবল প্রথম কখন কোথায় অনুষ্ঠিত হয়?

1) ১৯২৯
✔ 2) ১৯৩০
3) ১৯৩১
4) ১৯৩২

**ব্যাখ্যা :** ১৯৩০ সালে ফিফা বিশ্বকাপ ছিল প্রথম অনুষ্ঠিত কোন ফুটবল বিশ্বকাপ। জুলাই ১৩ থেকে জুলাই ৩০ পর্যন্ত একটি উরুগুয়েতে অনুষ্ঠি হয়। এই বিশ্বকাপে ১৩ টি দল অংশগ্রহন করে এবং চ্যাম্পিয়ন হয় উরুগুয়ে।

59) নিচের কোনটি সঠিক?এককের আন্তর্জাতিক পদ্ধতি -- i. এর বৈশিষ্ট্য দশ গুণোত্তর
ii. অষ্টাদশ শতাব্দীতে ফ্রান্স প্রথম চালু হয়
iii. বাংলাদেশে ১লা জুলাই ১৯৮১ সালে চালু হয়

✔ 1) i ও ii
2) i ও iii
3) ii ও iii
4) i,ii ও iii

**ব্যাখ্যা :** বিভিন্ন দেশে পরিমাপের জন্য বিভিন্ন পরিমাপ পদ্ধতি প্রচলিত থাকায় আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্যে ও আদান-প্রদানে অসুবিধা হয়। তাই ব্যবসা-বাণিজ্যে ও আদান-প্রদানের ক্ষেত্রে পরিমাপ করার জন্য আন্তর্জাতিক রীতি তথা মেট্রিক পদ্ধতি ব্যবহৃত হয়। এ পরিমাপের বৈশিষ্ট্য হলো এটা দশগুণোত্তর | দশমিক ভগ্নাংশের দ্বারা এ

Hello BCS

পদ্ধতিতে পরিমাপ সহজে প্রকাশ করা যায়।
অষ্টাদশ শতাব্দীতে ফ্রান্সে প্রথম এ পদ্ধতির প্রবর্তন করা হয়।
বাংলাদেশে ১ লা জুলাই, ১৯৮২ সাল থেকে মেট্রিক পদ্ধতি চালু করা হয়।
অতএব, সঠিক উত্তর i ও ii
[তথ্যসূত্রঃ গণিত বই, অষ্টম শ্রেণি]

60) ১৩ তম বিশ্বকাপ ক্রিকেট কোথায় অনুষ্ঠিত হবে?

✔ 1) ভারত
2) শ্রীলংকা
3) পাকিস্তান
4) নিউজিল্যান্ড

**ব্যাখ্যা :** ওয়ার্ল্ড কাপ ক্রিকেট ২০২৩ হল ১৩ তম ওয়ার্ল্ড কাপ ক্রিকেট। । এবারের এই ওয়ার্ল্ড কাপ ক্রিকেট ২০২৩ শুধুমাত্র ভারতে অনুষ্ঠিত হবে।

61) পৃথিবীর গভীরতম স্থান -

✔ 1) মারিয়ানা ট্রেঞ্চ
2) ডেড সী
3) বৈকাল হ্রদ
4) লোহিত সাগর

**ব্যাখ্যা :** মারিয়ানা খাত বা মারিয়ানা ট্রেঞ্চ হলো প্রশান্ত মহাসাগরের তলদেশের একটি খাত বা পরিখা। এটি বিশ্বের গভীরতম সমুদ্র খাত। এটি প্রশান্ত মহাসাগরের পশ্চিম প্রান্তে মারিয়ানা দ্বীপপুঞ্জের ঠিক পূর্বে অবস্থিত। মারিয়ানা খাত একটি বৃত্তচাপের আকারে উত্তর-পূর্ব থেকে দক্ষিণ-পশ্চিমে প্রায় ২৫৫০ কিমি ধরে বিস্তৃত।

62) যুক্তরাষ্ট্র কত সালে স্বাধীনতা লাভ করে?

✔ 1) ১৭৭৬
2) ১৮৭৬
3) ১৮৭২
4) ১৭৭২

**ব্যাখ্যা :** মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ঘোষণাপত্র একটি ঐতিহাসিক দলিল যা ৪ জুলাই ১৭৭৬ পেনসিলভানিয়া প্রাদেশিক আইনসভায় অনুষ্ঠিত ২ য় কন্টিনেন্টাল কংগ্রেসের সভায় গৃহীত হয়। এর মাধ্যমে যুক্তরাজ্যের সাথে যুদ্ধরত তেরটি মার্কিন উপনিবেশ নিজেদের ব্রিটিশ শাসনের বাইরে স্বাধীন ও সার্বভৌম হিসেবে ঘোষণা করে এবং যুক্তরাষ্ট্র নামে নতুন রাষ্ট্র গঠন করে।
[তথ্যসূত্রঃ বাংলাপিডিয়া]

Hello BCS

63) ০.০০০০০১ × ০.৯০০১ = ?

✔ 1) ০.০০০০০০৯০০১
2) ০.০০০০০৯০০১
3) ০.০০৯০১
4) ০.০০০০৯০১

**ব্যাখ্যা :** ০.০০০০০১ × ০.৯০০১
= ০.০০০০০০৯০০১

64) ১,৫,৬,১১,১৭,২৮ সংখ্যাগুলোর পরবর্তী সংখ্যাটি কি?

1) ৩৩
✔ 2) ৪৫
3) ৫০
4) ৫৬

**ব্যাখ্যা :** পূর্বের দুইটি সংখ্যা যোগ করে পরের সংখ্যাটি বানানো হয়েছে।
১+৫ = ৬
৫+৬= ১১
৬+১১=১৭
১১+১৭=২৮
সুতরাং পরবর্তী হবে ১৭+২৮=৪৫

Hello BCS

65) একজন দোকানদার প্রতি হালি ডিম ২৫টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা দরে বিক্রয় করলে তার লাভ হবে?

1) ১০%
✔ 2) ১২%
3) ১৩%
4) ১২.৫%

**ব্যাখ্যা :** ১হালি ডিম ক্রয়মূল্য = ২৫ টাকা
আবার, ১ হালি ডিম বিক্রয়মূল্য = ৫৬/২ =২৮ টাকা
∴ ১ হালি ডিম বিক্রয়মূল্য = ৫৬/২ = ২৮টাকা
∴ লাভ = ২৮-২৫ = ৩ টাকা
২৫ টাকায় লাভ হয় = ৩ টাকা
∴ ১ টাকায় লাভ হয় = ৩/২৫ টাকা
∴ ১০০ টাকায় লাভ হয় = ৩×১০০/২৫ = ১২ টাকা বা ১২%

66) প্রবৃদ্ধ কোণের মান -

✔ 1) ১৮০° এর চেয়ে বেশি
2) ১৮০° এর সমান
3) ১৮০° এর চেয় কম
4) ৩৬০°

**ব্যাখ্যা :** ১৮০° এর চেয়ে বড় এবং ৩৬০° এর চেয়ে ছোট কোণকে প্রবৃদ্ধ কোণ বলে

67) পিথাগোরাস একজন

✔ 1) দার্শনিক ও গণিতবিদ
2) পদার্থবিদ
3) রসায়নবিদ
4) অর্থনীতিবিদ

**ব্যাখ্যা :** জন্ম-৫৭০ খ্রিস্টপূর্ব সামোস,তুরস্কের উপকূলবর্তী এজিয়ান সাগরের দ্বীপ।
পিথাগোরাস একজন গ্রিক দার্শনিক,গণিতবিদ এবং পিথাগোরাসবাদী ভ্রাতৃত্বের জনক যার প্রকৃতি ধর্মীয় হলেও তা এমন সব নীতির উদ্ভব হয়েছিল যা পরবর্তীতে প্লেটো এবং এরিস্টটলের মত দার্শনিকদের প্রভাবিত করেছে।
বর্তমানে পিথাগোরাস গণিতবিদ ও বিজ্ঞানী হিসেবে পরিচিত হলেও তার সময় বা তার মৃত্যুর ১৫০ বছর পর প্লেটো ও এরিস্টটলের সময়ও তিনি গণিত বা বিজ্ঞানের জন্য বিখ্যাত ছিল না। তখন তাঁর পরিচিত ছিল,প্রথমত মৃত্যুর পর আত্মার পরিণতি বিষয়ে বিশেষজ্ঞ যিনি ভাবতেন আত্মা অমর এবং ধারাবাহিকভাবে তার অনেকগুলো পুনর্জন্ম ঘটে,দ্বিতীয়ত ধর্মীয় আচারানুষ্ঠান বিষয়ে পণ্ডিত, তৃতীয়ত একজন ঐন্দ্রজালিক যার স্বর্ণের ঊরু আছে এবং যিনি একইসাথে দুই স্থানে থাকতে পারেন এবং চতুর্থত, একটি কঠোর জীবন ব্যবস্থা যাতে খাদ্যাভ্যাসের উপর নিষেধাজ্ঞা এবং আচারানুষ্ঠান পালন ও শক্ত আত্ম-নিয়ন্ত্রণের নির্দেশ আছে তার জনক হিসেবে।
আসলেই তাকে গণিতবিদ বলা যায় কিনা এ নিয়ে বিতর্ক আছে। তবে প্রাচীনতম নিদর্শন অনুযায়ী পিথাগোরাস এমন একটি বিশ্বজগতের ধারণা দিয়েছিল যা নৈতিক মানদণ্ড এবং সাংখ্যিক সম্পর্কের ভিত্তিতে গঠিত।
পিথাগোরাসের অবদান মুজিকা উনিভের্সালিস, Pythagorean tuning,পিথাগোরাসের উপপাদ্য
মৃত্যু-৪৯৫ খ্রিস্টপূর্ব মেতাপোন্তুম, দক্ষিণ ইতালি

68) ২০ টি স্বাভাবিক সংখ্যার যোগফল

1) ২২০
✔ 2) ২১০
3) ১১০
4) ১২০

**ব্যাখ্যা :** যোগফল= n/2{2a+ (n-1)d}
= 20/2 {2.1 + (20-1).1}
= 10 * 21
=210

69) সমবাহু ত্রিভুজের একটি বাহুকে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ের যোগফল।

1) ১০০°
2) ১৪০°
✔ 3) ২৪০°
4) ৩৪০°

**ব্যাখ্যা :** সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণ ৬০ ডিগ্রি। এদের যেকোনো বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ= ১৮০-৬০ = ১২০ ডিগ্রি। ফলে, কোনো বাহুকে উভয় দিকে বর্ধিত করলে বহিঃস্থ কোণ দুটির সমষ্টি = ১২০+১২০ = ২৪০ ডিগ্রি

70) একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ৬ সেমি ও ৮ সেমি হলে এর ক্ষেত্রফল কত?

1) ২৪ সেমি
✔ 2) ২৪ বর্গ সেমি
3) ২৪ বর্গমিটার
4) ২৪ মিটার

**ব্যাখ্যা :** একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ৬ সেন্টিমিটার এবং ৮ সেন্টিমিটার
∴ সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল = ১/২ (ভূমি×উচ্চতা)
= ১/২ (৬×৮) বর্গ সেমি = ২৪ বর্গ সেন্টিমিটার

71) দুইটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল ২৪ এবং একটি সংখ্যা ১৩ হলে অপরটি হবে?

✔ 1) ১১
2) ৯
3) ১৫
4) ৭

**ব্যাখ্যা :** দুইটি সংখ্যার যোগফল = ২৪
একটি সংখ্যা ১৩ হলে,
অপর সংখ্যা = ২৪ - ১৩ = ১১

72) একজন দৌড়বিদ ৪০০ মিটার বিশিষ্ট গোলাকার ট্রেকে ২৪ চক্কর দৌড়ালো, সে কত দূরত্ব দৌড়ালো?

✔ 1) ৯.৬ কিমি
2) ৯ কিমি
3) ১২ কিমি
4) ৮ কিমি

Hello BCS

**ব্যাখ্যা :** দৌড়বিদ মোট দৌড়ায় = ৪০০×২৪ = ৯৬০০ = ৯৬০০/১০০০ = ৯.৬ কিমি

73) সংখ্যার যোগফল 60 ও বিয়োগফল 20 হলে, সংখ্যা দুইটি হলোঃ

1) 35 ও 25
2) 15 ও 45
3) 10 ও 50
✔ 4) 40 ও 20

**ব্যাখ্যা :** a+b = 60 and a-b=20
now,
a+b=60
a-b=20
so, a=40 and b=20

74) রম্বসের
i. চারটি বাহু পরস্পর সমান
ii. বিপরীত কোণগুলো পরস্পর সমান
iii. কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখন্ডিত করে
নিচের কোনটি সঠিক?

1) i ও ii
2) i ও iii
3) ii ও iii
✔ 4) i,ii ও iii

**ব্যাখ্যা :**
উপরের অপশনগুলোর সাথে চিত্রের সাথে মিলালে সবগুলো সঠিক।

Hello BCS

75) ১ হতে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা কতটি?

1) ২১ টি
✔ 2) ২৫ টি
3) ২৩ টি
4) ২৯ টি

**ব্যাখ্যা :** ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ ও ৯৭।
মোট ২৫ টি।

76) একটি বর্গের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ হলে তার ক্ষেত্রফল কতগুণ হবে?

1) ২ গুণ
2) ৩ গুণ
✔ 3) ৪ গুণ
4) ৬ গুণ

**ব্যাখ্যা :** ধরি, বর্গের বাহুর দৈর্ঘ্য a একক
∴ ক্ষেত্রফল $a^2$ বর্গ একক
এখন, বর্গের বাহু দ্বিগুণ হলে দৈর্ঘ্য হয় ২a একক
∴ বর্গের ক্ষেত্রফল হবে = $(২a)^২ = ৪a^২$
∴ ক্ষেত্রফল বাড়ে = $৪a^২/a^২$ = ৪ গুণ

77) a,b,c ক্রমিক সমানুপাতিক হলে নিচের কোনটি সঠিক?

1) ab = bc
2) $a^2$ = bc
✔ 3) $b^2$ =ac
4) $c^2$ = ab

**ব্যাখ্যা :** এখানে, a,b,c ক্রমিক সমানুপাতিক হলে
a:b = b:c
∴ $b^2$ = ac

78) ১ কিলোমিটার সমান

1) ১.৬১ মাইল
✔ 2) ০.৬২ মাইল
3) ০.৬৯ মাইল
4) ০.৬১ মাইল

**ব্যাখ্যা :** ১ কিলোমিটার = ০.৬২ মাইল
১ মাইল = ১.৬১ কিলোমিটার

79) একটি বৃত্তের ব্যাস 7/11 সেমি হলে, এর পরিধি কত?

✔ 1) ২ সেমি
2) ৭ সেমি
3) ২২ সেমি
4) ৩ সেমি

Hello BCS

**ব্যাখ্যা :** বৃত্তের ব্যাসার্ধ = r হলে, ব্যাস = 2r = 7/11
পরিধি = 2πr = (7/11)*(22/7)= 2 সেমি

80) ফেসবুকের সদর দপ্তর -

1) সিয়াটল
✔ 2) ক্যালিফোর্নিয়া
3) ওয়াশিংটন
4) নিউইয়র্ক

**ব্যাখ্যা :** মেটার সদর দফতর বর্তমানেআমেরিকার ক্যালিফোর্নিয়ার মেনলো পার্কে অবস্থিত। এই কোম্পানির মালিকানায় রয়েছে ফেসবুক, ইনস্টাগ্রাম ও হোয়াটসঅ্যাপ-এর মত বড় সোশ্যাল মিডিয়া প্লাটফর্মগুলি। ফেসবুক হল মেটা প্ল্যাটফর্মসের মালিকানাধীন বিশ্ব-সামাজিক আন্তঃযোগাযোগ ব্যবস্থার একটি ওয়েবসাইট, যা ২০০৪ সালের ৪ ফেব্রুয়ারি প্রতিষ্ঠিত হয়। মার্ক জাকারবার্গ হার্ভাড বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালীন তার কক্ষনিবাসী ও কম্পিউটার বিজ্ঞান বিষয়ের ছাত্র এডুয়ার্ডো স্যাভেরিন, ডাস্টিন মস্কোভিৎস এবং ক্রিস হিউজের যৌথ প্রচেষ্টায় ফেসবুক নির্মাণ করেন।
[তথ্যসূত্রঃ বাংলাপিডিয়া]

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com
Hello BCS